

জবিতে ভর্তি
আবেদন ২৯ আগস্ট
থেকে : পরীক্ষা শুরু
৯ অক্টোবর

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির আবেদন শুরু হচ্ছে ২৯ আগস্ট। এইদিন দুপুর ১২টা থেকে ১৭ সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত টেলিটক প্রিপেইড সিম দিয়ে ফ্রি বার্তার (এসএমএস) মাধ্যমে দিনের যে কোনো সময়ে আবেদন করা যাবে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের গণসংযোগ কর্মকর্তা মোহাম্মদ মিরোজ আলমের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এছাড়া ৯ অক্টোবর 'বি' ইউনিটের (কলা ও আইন অনুষদভুক্ত), ১৬ অক্টোবর 'সি' ইউনিটের (ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত), ৩০ অক্টোবর 'এ' ইউনিটের (বিজ্ঞান অনুষদ এবং লাইফ অ্যান্ড আর্থ-সায়েন্স অনুষদভুক্ত), ৬ নভেম্বর 'ডি' ইউনিটের (সাধারণ বিজ্ঞান অনুষদভুক্ত) এবং ১৩ নভেম্বর 'ই' ইউনিটের (ড্রামা অ্যান্ড মিউজিক বিভাগ ও ফাইন আর্টস বিভাগ) ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে। ভর্তি সর্বমোট বিস্তারিত তথ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.jnu.ac.bd) পাওয়া যাবে। সব ইউনিটের ভর্তি পরীক্ষা বিকাল ৩টায় অনুষ্ঠিত হবে।